দৈনিক
ইনকিলাব

তারিখ 05 SEP 2008
পৃষ্ঠা

# শিক্ষক-কর্মচারী নিয়োগ বোর্ডে মাউশি প্রতিনিধি ঠিক করবেন ১৯ প্রিন্সিপাল

স্টাফ রিপোর্টার : বেসরকারী কলেজ এবং আলিম ও ফাজিল মাদ্রাসায় শিক্ষক-কর্মচারী নিয়োগ বোর্ডে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালকের প্রতিনিধি এখন থেকে ঠিক করবেন ১৯টি সরকারী কলেজের প্রিন্সিপাল। এছাড়া বেসরকারী স্কুল ও দাখিল মাদ্রাসায় শিক্ষক-কর্মচারী নিয়োগ বোর্ডে মাউশি'র প্রতিনিধি ঠিক করে দেবে সংশ্লিষ্ট জেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়। পৃ ৪৮ ক ৪ ১

## শিক্ষক-কর্মচারী নিয়োগ

১২-এর পৃষ্ঠার পর

এই সিদ্ধান্ত আগামী ১৫ সেপ্টেম্বর থেকে কার্যকর হবে। গত বুধবার এ বিষয়ে একটি পরিপত্র জারি করা হয়েছে। বিধি অনুযায়ী মাউশির প্রতিনিধির অনুমোদন ছাড়া কোন প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারী নিয়োগ দেয়া হলে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি এমপিওভুক্ত (সরকারী অনুদান) হন না।

মাউশি প্রতিনিধি ঠিক করার দায়িত্বপ্রাপ্ত ১৯ প্রিন্সিপালের মধ্যে ঢাকা কলেজের প্রিন্সিপাল ঢাকা বিভাগের ছয়টি জেলার প্রতিনিধি ঠিক করবেন।

একইভাবে ফরিদপুর রাজেন্দ্র কলেজ প্রিন্সিপাল বৃহত্তর ফরিদপুরের পাঁচ জেলায়, আনন্দমোহন কলেজ প্রিন্সিপাল বৃহত্তর ময়মনসিংহের (টাঙ্গাইল বাদে) পাঁচ জেলায়, সা'দত কলেজ প্রিন্সিপাল টাঙ্গাইল জেলার, চট্টগ্রাম কলেজ প্রিন্সিপাল চট্টগ্রাম ও কক্সবাজার, নোয়াখালী কলেজ প্রিন্সিপাল বৃহত্তর নোয়াখালীর তিন জেলার, ভিক্টোরিয়া কলেজ প্রিন্সিপাল কুমিল্লা অঞ্চলের তিন জেলার, সিলেট এমসি কলেজ প্রিন্সিপাল বৃহত্তর সিলেটের চার জেলার, রাঙ্গামাটি কলেজের প্রিন্সিপাল তিন পার্বত্য জেলার জন্য প্রতিনিধি ঠিক করবেন।

এছাড়া দিনাজপুর কলেজ প্রিন্সিপাল দিনাজপুর অঞ্চলের তিন জেলার রংপুর কারমাইকেল কলেজ প্রিন্সিপাল বৃহত্তর রংপুরের পাঁচ জেলার আজিজুল হক কলেজ প্রিন্সিপাল বগুড়া ও জয়পুরহাটের রাজশাহী কলেজ প্রিন্সিপাল রাজশাহী অঞ্চলের চার জেলার, এডওয়ার্ড কলেজ প্রিন্সিপাল পাবনা ও সিরাজগঞ্জের, কুষ্টিয়া কলেজ প্রিন্সিপাল বৃহত্তর কুষ্টিয়ার তিন জেলার, যশোর এমএম কলেজ প্রিন্সিপাল যশোর অঞ্চলের চার জেলার, বিএল কলেজ প্রিন্সিপাল বৃহত্তর খুলনার তিন জেলায়, বিএম কলেজ প্রিন্সিপাল বরিশাল অঞ্চলের (পটুয়াখালী বাদে) পাঁচ জেলার এবং পটুয়াখালী কলেজ প্রিন্সিপাল পটুয়াখালী জেলার প্রতিনিধি ঠিক করবেন।

প্রতিনিধি হিসেবে স্থানীয় পর্যায়ে বিভিন্ন কলেজের শিক্ষকদের মনোনীত করা হবে।